

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০০৭.১৯-২০২

তারিখ: ১৭.০৭.২০১৯খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১০৩১৬/২০১৭ মামলার ০৮.১০.২০১৭ খ্রি: তারিখের রায় অনুযায়ী কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলাধীন ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসার দপ্তরী, জনাব মো: মকবুল হোসেনের জন্ম তারিখ সংশোধন সংক্রান্ত নিষ্পত্তির বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) পিটিশনার জনাব মো: মকবুল হোসেন, দপ্তরী ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসা এর আবেদন
(২) রিট পিটিশন নং-১০৩১৬/২০১৭ মামলার রায়

তারিখ: ৩১.১০.২০১৭ খ্রি:।

তারিখ: ৩০.১১.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলাধীন ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসার দপ্তরী, জনাব মো: মকবুল হোসেনের জন্ম তারিখ এমপিওশীটে ভুল মুদ্রিত হয়েছে মর্মে দাবী করে তা সংশোধনের নিমিত্ত মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করেন যার নং- ১০৩১৬/২০১৭।

০২. উক্ত রিট পিটিশন মামলায় ০৮.১০.২০১৭ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“Accordingly, we direct the respondent no. 2 to dispose of the representation of the petitioner dated 01.08.2017 (Annexure “H” to the supplementary affidavit) within 60 (sixty) days from the date of the receipt of a copy of this order. With this direction the writ petition is summarily dispose off.”

০৩. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, ১৯৯৭ সালে প্রথম এমপিওভুক্তির সময় ১ম এমপিও শীটেই জনাব মো: মকবুল হোসেনের জন্ম তারিখ ০৭.১০.১৯৫৭ খ্রি: মুদ্রিত হয়েছে। এমপিওশীটে জন্ম তারিখ ভুল মুদ্রিত হয়েছে মর্মে দাবী করে জনাব মো: মকবুল হোসেন কর্তৃক তা সংশোধনক্রমে ০১.০১.১৯৭৩ খ্রি: করার নিমিত্ত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন করা হয় মর্মে জানা যায়।

০৪. জনাব মো: মকবুল হোসেন অষ্টম শ্রেণী পাশ করেছেন মর্মে দাবী করে দপ্তরী পদে চাকুরী গ্রহণ করেন। যেহেতু জনাব মো: মকবুল হোসেনের অষ্টম শ্রেণী পাশের সনদটি তাঁর চাকুরীরত মাদ্রাসা অর্থাৎ ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসা কর্তৃক ইস্যুকৃত এবং যেহেতু উক্ত সনদটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নয় এবং যেহেতু জনাব মো: মকবুল হোসেনের দাবী অনুযায়ী তাঁর জন্ম তারিখের ভুল সংশোধন করার জন্য ২০ বছর পর ২০১৭ সালে কর্তৃপক্ষের নিকট আবেদন করেছেন সে প্রেক্ষিতে জনাব মো: মকবুল হোসেনের দাবী অনুযায়ী এমপিওশীটে তাঁর জন্ম তারিখ ০৭.১০.১৯৫৭ খ্রি: তারিখের পরিবর্তে ০১.০১.১৯৭৩ খ্রি: তারিখ মুদ্রিত করার কোন সুযোগ নেই মর্মে প্রতীয়মান হয়।

০৫. মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী উপরুক্তরূপে (০৪ নং অনুচ্ছেদ অনুযায়ী) জনাব মো: মকবুল হোসেন কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ১০৩১৬/২০১৭ মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৬. এমতাবস্থায়, মহামান্য মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১০৩১৬/২০১৭ মামলার ০৮.১০.২০১৭ খ্রি: তারিখের রায় অনুযায়ী কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলাধীন ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসার দপ্তরী, জনাব মো: মকবুল হোসেনের জন্ম তারিখ সংশোধন সংক্রান্ত উপরুক্তরূপে নিষ্পত্তির বিষয়টি মহোদয়কে নির্দেশক্রমে অবহিত করা হলো।

০১. সুপার

ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসা
ডাক: ও থানা: ইটনা, জেলা: কিশোরগঞ্জ।

০২. জনাব মো: মকবুল হোসেন, দপ্তরী

ইটনা নূরপুর ডি.ডি মাদ্রাসা
ডাক: ও থানা: ইটনা, জেলা: কিশোরগঞ্জ।

১৩/০৭/১৭
মোহাম্মদ হেলাল উদ্দীন
সহকারী পরিচালক (অডিট ও আইন)
(প্রতিকল্প কর্মকর্তা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুম [বিষয়টি সংশ্লিষ্ট আদালতে গোচরীভূত করে নিষ্পত্তির অনুরোধসহ]

০৩. অফিস কপি।